

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

মদীনায় উপস্থিতি ও মদীনাবাসীর অভিনন্দন (وصول المدينة واستقبال أهلها)

দূর হ'তে দেখতে পেয়ে খুশীতে রাসূল (ছাঃ) বলে ওঠেন, هُذُو طَابَةٌ وَهَذَا أُحُدُ 'এই যে মদীনা, এই যে ওহোদ'। 'এই পাহাড় আমাদের ভালবাসে এবং আমরা একে ভালবাসি'।[1] মদীনার নারী-শিশু ও বালকেরা ঘর থেকে বেরিয়ে এসে বিপুল উৎসাহে রাসূল (ছাঃ) ও তাঁর সেনাবাহিনীকে অভিনন্দন জানান।[2] উল্লেখ্য যে, এটাই ছিল রাসূল (ছাঃ)-এর জীবনের সর্বশেষ যুদ্ধ। ৫০ দিনের এই সফরে ৩০ দিন যাতায়াতে ও ২০ দিন ছিল তাবৃকে অবস্থান (আহমাদ হা/১৪১৭২)। রজব মাসে গমন ও রামাযান মাসে প্রত্যাবর্তন।[3]

ফুটনোট

- [1]. বুখারী হা/৪৪২২; মুসলিম হা/১৩৯২।
- [2]. ইবনুল কাইয়িম (রহঃ) বলেন, এসময় মদীনার নারী-শিশু ও বালকেরা বেরিয়ে রাসূল (ছাঃ)-কে অভিনন্দন জানিয়ে مَنْ تَنِيَّاتِ الْوَدَاعِ، وَجَبَ الشُّكُرُ عَلَيْنَا + مَا دَعَا لِلهِ دَاعِ कि कि পাঠ করেন (যাদুল মা'আদ ৩/৪৮২; আর-রাহীক ৪৩৬ পঃ)।

বায়হাকী বলেন, আমাদের বিদ্বানগণ এটিকে মক্কা থেকে মদীনায় হিজরতকালীন সময়ের কথা বলেছেন, তাবূক থেকে ফেরার সময় নয়' (আল-বিদায়াহ ৫/২৩)। জীবনীকার আলী আল-হালাবী (৯৭৫-১০৪৪ হি.) বলেন, ১৮০০ এটা 'এটি একাধিক বার হওয়ায় কোন বাধা নেই' (সীরাহ হালাবিইয়াহ ৩/১২৩)। তাছাড়া 'ছানিয়াহ' বা টিলা মক্কা ও তাবূক দু'দিকে হওয়াটা অসম্ভব নয়। বস্তুতঃ এ ব্যাপারে প্রমাণিত সেটুকুই যা উপরে ছহীহ হাদীছ সমূহে বর্ণিত হয়েছে। বিস্তারিত দ্রস্টব্য : '১ম জুম'আ আদায় ও ইয়াছরিবে প্রবেশ' অনুচ্ছেদ, টীকা-৩২২।

[3]. ইবনু হিশাম ২/৫১৫-১৬, ৫৩৭; যাদুল মা'আদ ৩/৪৯১; আর-রাহীক ৪৩৬ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5651

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন